



**CHEMISTRY**  
**( New Syllabus )**  
**2023**

Total Time : 3 Hours 15 minutes]

[ Total Marks : 70 ]

- ★ परिमित एवं यथायथ उत्तरों के लिए विशेष मूल्य देओया हवे। वर्णान्की, अपरिच्छित एवं अपरिष्कार हस्ताक्षरों के लिए नम्रवर्णन केटे नेओया हवे। उपाधेप्रश्नों के पूर्णानन्द सूचित आहे।
- ★ *Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.*
- ★ संक्षिप्त तथा विद्युवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के घोतक हैं।
- इह प्रश्नपुस्तिकाटि पृष्ठा संख्या 36.
- इह प्रश्नपुस्तिकाटि त्रिभाषिक — बांग्ला, इंग्राजी एवं हिन्दी। यदि कोनो क्षेत्रे संदेह वा विज्ञानी माझे हवे, तो उपांते इंग्राजी भाषावर चडाऊण्यात विवेदित हवे।
- प्रदत्त नियम अनुसारे प्रश्नावर उत्तर दाओ। मूल उत्तरपत्राइ केवल प्रश्नों के उत्तर दिते हवे, अन्यांसे नाही।
- प्रयोजन अनुयायी मूल उत्तरपत्रे राफ / खसडा कार्य करा यावे एवं शेषे कोनाकुनि भावे केटे देवे।

भाषास्तर/Versions /भाषा	पृष्ठा थेके/From Page/पृष्ठा से	पृष्ठा पर्हत/To Page/पृष्ठा तक
बांग्ला/Bengali/बাংলা	3	13
इंग्राजी/English/अंग्रेजी	14	24
हिन्दी/Hindi /हिन्दी	25	35

- इह प्रश्नपुस्तिकाटि २ नं पृष्ठाय प्रदत्त हिन्दी एवं इंग्राजी निर्देशाबली पडो।
- **READ THE INSTRUCTIONS IN HINDI & ENGLISH AT PAGE NO. 2 OF THIS QUESTION BOOKLET.**
- प्रश्न पुस्तिकाटि के पृष्ठ संख्या 2 पर दिये गये हिन्दी तथा अंग्रेजी में निर्देशों को पढ़ें।

বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলীর (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলীর (SAQ) উভয়, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।





## ( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলী )

১. প্রতিটি প্রশ্নের ঠিক উত্তর প্রদত্ত বিকল্পগুলি থেকে বেছে নিয়ে উত্তরপত্রে লেখো :




$$1 \times 14 = 14$$

- (i)  $n$ -প্রকৃতির অর্ধপরিবাহী তৈরীতে সিলিকনের সাথে নীচের কোন্ মৌলটি যোগ করতে হয় ?
- (a) জার্মেনিয়াম (b) আসেনিক  
(c) অ্যালুমিনিয়াম (d) ইভিয়াম।
- (ii)  $\text{Al}_2\text{O}_3$  থেকে এক মোল Al মুক্ত করতে প্রয়োজনীয় তড়িতের পরিমাণ
- (a) 1F (b) 6F  
(c) 3F (d) 2F ( F = ফ্যারাডে )
- (iii) নীচের কোন্টি দ্রাবক-বিকৰ্ষী বা লাইয়োফোবিক কোলয়েড ?
- (a) গাম (b) স্টার্চ  
(c) গোল্ড সল (d) জিলাটিন।
- (iv) কোন্ হ্যালোজেন হাইড্রাসিডটিকে কাচের পাত্রে রাখা যায় না ?
- (a) HF (b) HCl  
(c) HBr (d) HI
- (v) নীচের কোন্ আয়নদুটির ল্যাঞ্চানয়েড সংকোচনের জন্য আকার সমান ?
- (a)  $\text{Fe}^{2+}$ ,  $\text{Ni}^{2+}$  (b)  $\text{Zr}^{4+}$ ,  $\text{Ti}^{4+}$   
(c)  $\text{Zr}^{4+}$ ,  $\text{Hf}^{4+}$  (d)  $\text{Zn}^{2+}$ ,  $\text{Hf}^{4+}$
- (vi)  $[\text{Co}(\text{NH}_3)_5\text{Cl}]\text{SO}_4$  এবং  $[\text{Co}(\text{NH}_3)_5\text{SO}_4]\text{Cl}$  জটিল যোগ দুটি দেখাও
- (a) হাইড্রেট সমাবয়বতা (b) সবগীয় সমাবয়বতা  
(c) আয়নায়ন সমাবয়বতা (d) বন্ধন সমাবয়বতা।
- (vii) নীচের পরিবর্তনের জন্য সবচেয়ে উপযুক্ত বিকারকটিকে শনাক্ত করো :
- $$\text{CH}_3 - \underset{\substack{| \\ \text{Br}}}{\text{CH}_2} - \text{CH} - \text{CH}_3 \xrightarrow[\Delta]{\text{বিকারক}} \text{CH}_3 - \text{CH} = \text{CH} - \text{CH}_3$$
- (a) জলীয় KOH (b)  $(\text{CH}_3)_3\text{COK} / \Delta$   
(c) অ্যালকোহলীয় KOH /  $\Delta$  (d) সবকটি।





(viii) নিম্নলিখিত কোন্ যোগটি  $\text{Br}_2/\text{H}_2\text{O}$ -এর সাথে বিক্রিয়ায় 2, 4, 6-ট্রাই-  
ত্রোমোফেনল উৎপন্ন করে না ?



(ix) নীচের কোন্ যোগটি ক্যালিজারো বিক্রিয়া দেয় না ?



(x) বেঞ্জাইল অ্যামিনকে ইথানলীয়  $\text{KOH}$ -এর উপস্থিতিতে ক্রোরোফর্ম সহ উৎপন্ন  
করলে, উৎপন্ন যোগটি হবে



(xi) ক্ষারকগুলির কোন্টি RNA-তে অনুপস্থিত ?

(a) ইউরাসিল

(b) থাইমিন

(c) গুয়ানিন

(d) আডিনিন।

(xii) নীচের কোন্টি বা কোন্টগুলি জীববিশেষ পলিমার ?

(a) PHBV

(b) নাইলন-2-নাইলন-6

(c) নাইলন-6,6

(d) (a) ও (b) দুটিই।

(xiii) নীচের কোনটি অ্যানালজেসিক ?

- |                |                 |
|----------------|-----------------|
| (a) ইকুয়ানিল  | (b) অ্যাস্পিরিন |
| (c) ওফোজ্যাসিন | (d) সালভারসান।  |

(xiv) কৃত্রিম মিষ্টকারক পদার্থ যেটি রান্নার তাপমাত্রায় স্থিতিশীল এবং কোনো ক্যালোরি জোগান দেয় না

- |                  |                 |
|------------------|-----------------|
| (a) অলিটেম       | (b) স্যাকারিন   |
| (c) অ্যাস্পারটেম | (d) সুক্রালোজি। |

(সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :


$$1 \times 4 = 4$$

(i) তুল্যাঙ্ক পরিবাহিতার একক লেখো।

অথবা

কোনো দ্রবণের পরিবাহিতা পরিমাপের জন্য সমপ্রবাহ (DC) ও পরিবর্তী প্রবাহের (AC) মধ্যে কোনটি ব্যবহৃত হয় এবং কেন ?

(ii) ফেরিক হাইড্রোকার্ড সলের তত্ত্বনের জন্য নীচের কোনটি সবচেয়ে বেশি কার্যকরী ?



(iii) কোন  $3d$  শ্রেণীর সম্প্রিগত মৌল সবচেয়ে বেশি সংখ্যক জারণ অবস্থা প্রদর্শন করে ? মৌলটির সর্বোচ্চ জারণ অবস্থা কত ?

অথবা

ল্যাথানাইড মৌলগুলির সাধারণ ইলেক্ট্রন বিন্যাস লেখো।

(iv) ডেটলের মূল উপাদানগুলি কি কি ?

( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলী )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :  $2 \times 5 = 10$

(a) ইথাইল অ্যালকোহল ও অ্যাসিটোনের মিশ্রণ রাউল্টের সূত্রের ধনাত্মক বিচ্যুতি দেখায়। কারণ ব্যাখ্যা করো।

অথবা

কোনো বিশুদ্ধ দ্রাবকে একটি অনুদ্বয়ী, তড়িৎ-অবিশ্লেষ্য দ্রাব যোগ করলে উৎপন্ন দ্রবণের স্ফুটনাংকের উন্নয়ন ঘটে। বাস্প চাপ বনাম উর্ধতা লেখচিত্রের সাহায্যে ব্যাখ্যা করো।

- (b) আকৃতিগত-বরণাত্মক অনুষ্টটক কাকে বলে ? একটি উদাহরণ দাও। 1 + 1

অথবা


অপলয়ন বা পেপটাইজেশন বলতে কি বোঝো ? একটি উদাহরণ দাও। 1 + 1

- (c)  $\text{PCl}_5$  অণুর পাঁচটি বন্ধনই কি সমতুল্য ? যুক্তিসহ বলো। 1 + 1

অথবা

- (i)  $\text{XeF}$ -কে সম্পূর্ণরূপে আর্দ্র বিশ্লেষণ করলে কি ঘটে সমীকরণটি লেখো।
- (ii)  $\text{XeOF}_4$  অণুর কেন্দ্রীয় পরমাণুর সংকরায়ণ অবস্থা কি বলো এবং গঠনাকৃতি দেখাও। 1 + 1
- (d) (i) উপর্যুক্ত পরীক্ষা আরা  $[\text{Co}(\text{NH}_3)_5\text{Br}]\text{SO}_4$  ও  $[\text{Co}(\text{NH}_3)_5\text{SO}_4]\text{Br}$  জটিল যোগদুটির শর্খ্যে কিভাবে পার্থক্য করবে ?
- (ii) নিম্নলিখিত জটিল যোগটির IUPAC নামকরণ লেখো :  
 $[\text{Cu}(\text{NH}_3)_4(\text{H}_2\text{O})_2]\text{SO}_4$ . 1 + 1

- (e) (i) নিম্নলিখিত পলিমারটির ঘনোমারের নামগুলি লেখো :



- (ii) থার্মোপ্লাস্টিক পলিমার ও থার্মোসেটিং পলিমারের একটি করে উদাহরণ দাও। 1 + 1

4. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :  $3 \times 9 = 27$

- (a) (i) কোন ধরনের স্টেরিওমেট্রিক ত্রিটির ফলে কঠিন পদার্থের ঘনত্ব কমে যায় কিন্তু তড়িৎ পরিবহন ক্ষমতা বেড়ে যায় ?
- (ii) একটি মৌল 'X' এর পারমাণবিক ভর  $60 \text{ g mol}^{-1}$  এবং ঘনত্ব  $6.23 \text{ g cm}^{-3}$ । যদি মৌলটির একক কোশের কিনারা দৈর্ঘ্য (edge length)  $400 \text{ pm}$  হয়, তবে মৌলটি কি ধরনের ঘনকাকার একক কোশ গঠন করে ? 1 + 2

অথবা

- (i) দুটি মৌল 'A' ও 'B' ঘনকাকার কঠিন কেলাস যোগ গঠন করে। A-এর পরমাণুগুলি ঘনকের প্রতিটি কোণে এবং B-এর পরমাণুগুলি পৃষ্ঠকেন্দ্রে অবস্থান করে। যোগটির সংকেত নির্ণয় করো।
- 1 + 2
- (ii) দেহকেন্দ্রিক ঘনকাকার একক কোশের (bcc) প্যাকিং দক্ষতা গণনা করো।
- (b) (i) NaCl-এর 0.84% জলীয় দ্রবণকে নর্মাল স্যালাইন রূপে ব্যবহার করা হয় কেন?
- (ii) 50 g বেঞ্জিনে 1 g একটি তড়িৎঅবিশ্লেষ্য, কঠিন দ্রাব পদার্থ যোগ করলে বেঞ্জিনের হিমাংকের অবনমন হয় 0.40 K। যদি বেঞ্জিনের হিমাংক অবনমন-প্রবক্ত (K<sub>f</sub>)-এর মান 5.12 K kg mol<sup>-1</sup> হয় তবে দ্রাব পদার্থটির আণবিক ভর গণনা করো।
- 1 + 2
- (c) (i) আয়নের স্থাথীন বিচরণ সংক্রান্ত কোলরাশের সূত্রটি বিবৃত করো।
- (ii) 298 K তাপমাত্রায় 0.01 M অ্যাসিটিক অ্যাসিড দ্রবণের আপেক্ষিক পরিবাহিতার মান  $1.65 \times 10^{-4}$  S cm<sup>-1</sup> হলে দ্রবণটির মোলার পরিবাহিতা এবং অ্যাসিটিক অ্যাসিডের বিয়োজন মাত্রা গণনা করো। দেওয়া আছে,  $\lambda^{\circ}(H^+) = 349 \cdot 1$  এবং  $\lambda^{\circ}(CH_3COO^-) = 40 \cdot 9$  S cm<sup>2</sup> mol<sup>-1</sup>.
- 1 + 2

### অর্থবা

- (i) লবণ সেতুর দুটি কাজ লেখো।

- (ii) নীচের গ্যালভানীয় কোশটির নার্নস্ট (Nernst) সমীকরণটি লেখো এবং 298 K তাপমাত্রায় কোশটির তড়িৎচালক বল (emf) গণনা করো।



দেওয়া আছে :  $E^\circ_{\text{Cu}^{2+}/\text{Cu}} = +0.34\text{V}$ ,

$$E^\circ_{\text{Ag}^+/\text{Ag}} = +0.80\text{V}.$$


1 + 2

- (d) (i) তেল ভাসন পদ্ধতিতে সোডিয়াম জ্যানথেট ও পাইন তেলের ভূমিকা কি ?
- (ii) জোন-রিফাইনিং পদ্ধতির মূলনীতিটি লেখো।

2 + 1


অথবা

- (i) তাপজ্ঞারণ ও ভস্মীকরণের মধ্যে দুটি পার্থক্য লেখো।
- (ii) হিমাটাইট থেকে লোহা নিষ্কাশনে বিগালক রূপে কী ব্যবহৃত হয় ? এন্ড পদ্ধতিতে কোন ধাতুকে পরিশোধন করা হয় ?
- (e) (i) কপারের ভূমিস্তরে 'd' কক্ষকটি সম্পূর্ণ রূপে ভর্তি থাকলেও একে সঞ্চিগত মৌল বলে কেন ?
- (ii)  $\text{Lu(OH)}_3$  ও এবং  $\text{Ce(OH)}_3$  -এর মধ্যে কোনটির ক্ষারধর্ম বেশি এবং কেন ?
- (iii) নীচের বিক্রিয়াটি সম্পূর্ণ করো :





1 + 1 + 1

- (f) (i) নীচের যোগ দুটির মধ্যে কোনটি ফ্র্যুট  $S_N2$  বিক্রিয়া দেবে ?



- (ii) নিম্নলিখিত বিক্রিয়াগুলিতে A থেকে D যোগগুলির গঠন সংকেত লেখো :




1 + 2

অথবা

- (i) ক্লোরোবেঞ্জেনের C-Cl বন্ধন দৈর্ঘ্য মিথাইল ক্লোরাইডের C-Cl বন্ধন দৈর্ঘ্য অপেক্ষা ছোটো কেন ?

- (ii) নিম্নলিখিত  $S_N2$  বিক্রিয়ার বিক্রিয়াজাত পদার্থটির গঠন সংকেত লেখো :




2 + 1

- (g) (i) একটি মাত্র রাসায়নিক বিক্রিয়ার সাহায্যে নীচের যোগদুটির মধ্যে পার্থক্য করো :

ফেনল ও ইথাইল অ্যালকোহল

- (ii) নীচের বিক্রিয়ায় বিক্রিয়াজাত পদার্থগুলি শনাক্ত করো :




- (iii) কিভাবে পরিবর্তন করবে ? ফেনল  $\rightarrow$  আস্পরিন। 1 + 1 + 1

- (h) (i) গ্যাস্ত্রিয়েল থ্যালিমাইড পদ্ধতিতে অ্যারোমেটিক প্রাইমারী অ্যামিন প্রস্তুত করা যায় না কেন ?
- (ii) একটি অ্যারোমেটিক যৌগ 'A'-কে জলীয়  $\text{NH}_3$  সহ উত্পন্ন করলে 'B' যৌগ উৎপন্ন হয়। 'B'-কে  $\text{Br}_2$  ও  $\text{KOH}$  সহ উত্পন্ন করলে যৌগ 'C' ( $\text{C}_6\text{H}_7\text{N}$ ) উৎপন্ন হয়। A, B, C শনাক্ত করো ও শেষ ধাপের বিক্রিয়াটি লেখো।


1 + 2

অথবা

- (i) নিচের যৌগগুলিকে শ্ফারকচের উৎর্বর্কনে সাজাও :



- (ii) নিচের বিক্রিয়াটিতে A থেকে D কে শনাক্ত করো :



1 + 2

- (i) (i) কোন ভিটামিনের অভাবে পানিসিয়াস অ্যানিমিয়া হয় ?


- (ii) সুজেজ ও মলটোজের মধ্যে কোনটি বিজারক সুগার ?

- (iii) D-থুকোজকে  $\text{Br}_2/\text{H}_2\text{O}$ -এর সাথে বিক্রিয়া করলে কি ঘটে  
সমীকরণসহ লেখো।

1 + 1 + 1

5. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :  $5 \times 3 = 15$

- (a) (i) একটি বিক্রিয়া,  $R \rightarrow P$  এর ক্ষেত্রে গাঢ়ত্ব ( $R$ ) বলাম সময় ( $t$ )  
লেখচিত্রটি নিম্নরূপ :



বিক্রিয়াটির ক্রম নির্ণয় করো।

- (ii) প্রথম ক্রমের বিক্রিয়ার সমাকলিত রূপ থেকে দেখাও যে বিক্রিয়াটির অধ্যীবনকাল বিক্রিয়কের প্রাথমিক গাঢ়ত্বের উপর নির্ভর করে না।
- (iii) একটি প্রথম ক্রমের বিক্রিয়া 25% সম্পূর্ণ হতে 40 মিনিট সময় লাগে।  
বিক্রিয়াটির হার ধ্রুবকের মান নির্ণয় করো। বিক্রিয়াটি 80% সম্পূর্ণ হতে কত সময় লাগবে ?

$1 + 2 + 2$ .

অর্থবা

- (i) বিক্রিয়ার ক্রম ও আণবিকতার মধ্যে দুটি পার্থক্য লেখো।
- (ii) শূন্য ক্রমের বিক্রিয়া বলতে কি বোঝো ? একটি বিক্রিয়ার হার-ধ্রুবকের একক  $\text{L mol}^{-1}\text{S}^{-1}$  হলে বিক্রিয়াটির ক্রম কত ?
- (iii) একটি রাসায়নিক বিক্রিয়ার উষ্ণতা  $293\text{ K}$  থেকে  $313\text{ K}$  বৃদ্ধি করলে বিক্রিয়ার হার 4 গুণ বৃদ্ধি পায়। বিক্রিয়াটির সক্রিয়করণ শক্তি গগনা করো। ধরে নাও সক্রিয়করণ শক্তির মান উষ্ণতার সাথে পরিবর্তিত হয় না। ( $R = 8.314\text{ J K}^{-1}\text{ mol}^{-1}$ )

$1 + 2 + 2$


(b) (i) ক্লোরিন গ্যাসকে উত্তপ্ত ও ঘন সোডিয়াম হাইড্রোকার্বন দ্রবণে চালনা করলে যে বিক্রিয়া ঘটে তার সমিতি রাসায়নিক সমীকরণটি লেখো।  
বিক্রিয়াটি কি অসমর্জন (disproportionation) বিক্রিয়া? যুক্তি দাও।

(ii) কারণ ব্যাখ্যা করো :

(x) নাইট্রোজেন +5 জারণ অবস্থা প্রদর্শন করলেও পেন্টাহ্যালাইড গঠন করে না।






(y)  $\text{XeF}_2$  অণুর গঠন সরলরৈখিক, কৌণিক নয়।




(iii) নিম্নলিখিত বিক্রিয়াটি সম্পূর্ণ করো :



$$2 + 2 + 1$$

(c) নীচের বিক্রিয়াগুলিতে A থেকে J শনাক্ত করো (কেবলমাত্র গঠন সংকেত লেখো) :  $\frac{1}{2} \times 10 = 5$





অথবা

- (i) C<sub>3</sub>H<sub>6</sub>O আণবিক সংকেত বিশিষ্ট 'A' ও 'B' পরম্পরের কার্যকরী মূলক ঘটিত সমাবয়। 'A' আইসোমারকে NaOH ও I<sub>2</sub> দ্রবণ সহ উত্তপ্ত করলে হলুদ বর্ণের আয়োডোফর্মের কেলাস উৎপন্ন করে, কিন্তু 'B' আইসোমার কোনো অধঃক্ষেপ তৈরী করে না। 'A' ও 'B'-এর সংকেত লেখো।

- (ii) কিভাবে পরিবর্তন করবে ?


(x) অ্যাসিট্যালডিহাইড  $\rightarrow$  ল্যাকটিক অ্যাসিড

(y) অ্যাসিটিক অ্যাসিড  $\rightarrow$  অ্যাসিটোন

- (iii) উদাহরণ দাও :

অ্যালডল ঘনীভবন বিক্রিয়া।

- (iv) নীচের যৌগগুলিকে আল্লিকতার উৎরক্রমে সাজাও :



1 + 2 + 1 + 1